



বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

চতুর্থ সমাবর্তন-২০১৭

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)-এর চতুর্থ সমাবর্তন-২০১৭ আগামী ২৬ ডিসেম্বর ২০১৭, মঙ্গলবার বিকাল ৩ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে নিম্নে উল্লেখিত সন ও ফ্যাকাণ্ডি/অধিভুক্ত প্রতিষ্ঠানের গ্র্যাজুয়েটগণ অংশগ্রহণ করতে পারবেন:

(১) সন: ০১ জানুয়ারি ২০১৬ হতে ১৫ নভেম্বর ২০১৭ পর্যন্ত যাঁদের ফলাফল প্রকাশিত হয়েছে বা হবে (সমাবর্তনে রেজিস্ট্রেশনের যোগ্য প্রার্থীদের নামীয় তালিকা বিইউপি ওয়েবসাইটে দেওয়া আছে)।

(২) ফ্যাকাণ্ডি/অধিভুক্ত প্রতিষ্ঠান: অফিস অব দি হায়ার স্টাডিজ অ্যান্ড রিসার্চ: এমফিল, পিএইচডি; ফ্যাকাণ্ডি অব বিজনেস স্টাডিজ- বিবিএ জেনারেল, এমবিএ জেনারেল, প্রফেশনাল এমবিএ; ফ্যাকাণ্ডি অব সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ- ব্যাচেলর অব সিকিউরিটি স্টাডিজ; মাস্টার অব পিস অ্যান্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট স্টাডিজ; ফ্যাকাণ্ডি অব আর্টস অ্যান্ড সোস্যাল সাইন্স: মাস্টার অব ডিজাস্টার অ্যান্ড হিউম্যান সিকিউরিটি ম্যানেজমেন্ট (এমডিএইচএম), মাস্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজ; ফ্যাকাণ্ডি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি- এম ইঞ্জিনিয়ারিং ইন ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি, এমএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি; এনডিসি- এমফিল, এমএসডিএস; ডিএসসিএসসি- এমএসসি ইন মিলিটারি স্টাডিজ; এমআইএসসি- বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশনস্ ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং; এমএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশনস্ ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পিএইচডি; এএফএমসি- এমবিবিএস; এএফএমআই- এমফিল, বিএসসি ইন নার্সিং, বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক), এমপিএইচ, পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা; বিএমএ- বিএসসি ইন মিলিটারি স্টাডিজ (পাস); বিএনএ- বিএসসি (পাস), বিএনএস (পাস); বিএএফএ- বিএসসি (অ্যারো), বিবিএস (পাস); এসিঅ্যান্ডএস-এমএসসি (এমএসএজি), প্রয়াস: বিএসএড এবং ডিপ্লোমা ইন এসএলটিএ।

convocation.bup.edu.bd এর মাধ্যমে সমাবর্তনের রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করা যাবে। রেজিস্ট্রেশন ফরমে আবেদনকারীর পাসপোর্ট সাইজ ছবি আপলোড করতে হবে। সমাবর্তনের রেজিস্ট্রেশন ও আনুষঙ্গিক ফি বাবদ ৩,০০০/- (টাকা তিন হাজার মাত্র) ট্রাস্ট ব্যাংক লিমিটেডের “BUP CONVOCATION MANAGEMENT FUND” হিসাব নং 7017-0311022002 এর অনুকূলে বাংলাদেশে অবস্থিত ট্রাস্ট ব্যাংক লিমিটেডের যেকোনো শাখায় নগদ জমা দেওয়া যাবে। ফি জমাদানের মূল রসিদে প্রার্থীর নিজস্ব মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। ট্রাস্ট ব্যাংক টাকা জমা দেওয়ার পর একটি TRACE নম্বর দেওয়া হবে। রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করার সময় ফর্মে উক্ত TRACE নম্বরটি (জমাদানের তারিখসহ) অবশ্যই উল্লেখ করতে হবে। সমাবর্তনে একজন অংশগ্রহণকারী একজন অতিথি সঙ্গে আনতে পারবেন এবং উক্ত অতিথির নাম ও ঠিকানা রেজিস্ট্রেশন ফরমে অবশ্যই উল্লেখ করতে হবে। কোনো প্রার্থী রেজিস্ট্রেশন ফরমে অতিথির নাম উল্লেখ না করলে পরবর্তীতে অন্তর্ভুক্ত করা যাবে না কিংবা অতিথির নাম পরিবর্তনও করা যাবে না। রেজিস্ট্রেশন ফর্ম পূরণের শেষ তারিখ ১৫ নভেম্বর ২০১৭।

কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি আগামী ২০, ২১ ও ২২ ডিসেম্বর ২০১৭ (প্রতিদিন সকাল ০৯.০০-বিকেল ০৪.০০ ঘটিকা) এর মধ্যে বিইউপি থেকে সংগ্রহ করতে হবে। কস্টিউম গ্রহণ করার সময় ফি জমা দেয়ার মূল রসিদ, সাময়িক সনদপত্রের মূলকপি/মূল সনদপত্রের মূলকপি এবং convocation.bup.edu.bd হতে সংগৃহীত ACKNOWLEDGEMENT RECEIPT জমা দিতে হবে। যে সকল গ্র্যাজুয়েট ইতোমধ্যে মূল সনদপত্র সংগ্রহ করেছেন তাঁরাও উক্ত মূল সনদপত্র ফেরত প্রদান সাপেক্ষে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। সমাবর্তন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্যে বিইউপি ওয়েবসাইট (www.bup.edu.bd) ভিজিট করা যেতে পারে।

সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটদের অবশ্যই কস্টিউম পরিধান করতে হবে। সমাবর্তন মহড়া আগামী ২৬ ডিসেম্বর ২০১৭ (মঙ্গলবার) সকাল ১০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তনের দিন অতিথিসহ সকলের জন্য লাঞ্চার ব্যবস্থা থাকবে।

হেল্প লাইন: সমাবর্তন সংক্রান্ত বিষয়: ০১৭৬৯০২৮৭৯৮, অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়: ০১৭৬৯০২৮৭৯৯।

ব্রিগেডিয়ার জেনারেল আবুল কাশেম মোঃ ইব্রাহীম
রেজিস্ট্রার